

## শিক্ষা ঋণ প্রকল্প

দেশের মেধাবী অথচ আর্থিক সামর্থ্যহীন ছাত্রদের উচ্চশিক্ষার পথ সুগম করার জন্য সোনালী ব্যাংক শিক্ষা ঋণ প্রকল্প নামে যে প্রকল্প প্রবর্তন করেছে, তা চলতি শিক্ষাবর্ষ হতে চালু করা হলে অনেক মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থী এবং তাদের অভিভাবকরা বিশেষভাবে উপকৃত হবেন বলেই আশা করা যায়। উল্লেখ্য, আলোচ্য শিক্ষা ঋণ প্রকল্পের আওতায় অর্থনৈতিক সর্জিতর অভাব ও সীমাবদ্ধতা আমাদের দেশে শিক্ষা-লাভের বিশেষ করে উচ্চশিক্ষা অর্জনের পথে একটা বড় অন্তরায়। বাস্তব কারণে এবং আর্থিক সামর্থ্যের অভাবেই, বহু মেধাবী ছাত্র-ছাত্রীর পক্ষেও বাস্তবহীন উচ্চশিক্ষা লাভ সম্ভব হয় না, অবস্থার চাপে পড়ে এবং বাধ্য হয়েই মারপথে সেই ইচ্ছা ও স্বপ্ন ছেড়ে দিতে হয়। আর্থিক সামর্থ্য না থাকা সত্ত্বেও, উচ্চশিক্ষা দিতে গিয়ে অনেক মেধাবী শিক্ষার্থীর অভিভাবক নানা সমস্যা এবং আরও অর্থনৈতিক দুরবস্থার শিকার হন। অন্যদিকে, প্রয়োজনের তাগিদে টিউশনী করে কিংবা অন্য কোনো উপায়ে অর্থ উপার্জন করতে গিয়ে অনেক মেধাবী শিক্ষার্থীও পড়াশোনার ক্ষতি করে বসে, পরীক্ষায় প্রত্যাশিত সফল লাভেও ব্যর্থ হয়।

মেধাবী অথচ আর্থিক সামর্থ্যহীন শিক্ষার্থীদের পক্ষেও যতে আর্থিক সমস্যার শিকার না হয়ে এবং পড়াশোনার কোনোরূপ ক্ষতি না করে, উচ্চতর শিক্ষা অর্জন ও পরীক্ষায় প্রত্যাশিতরূপে সফল লাভ সম্ভব হয়, সেজন্যই এ ধরনের ঋণের তথা আর্থিক সহযোগিতা দানের ব্যবস্থার বিশেষ প্রয়োজন ছিল। ঋণের পরিমাণ সর্বোচ্চ মাসিক ছয় শ' টাকা হলে হলেও, সোনালী ব্যাংকের আলোচ্য ঋণ প্রকল্প বাস্তবায়িত হলে, সংশ্লিষ্ট শিক্ষার্থীদের উচ্চশিক্ষা লাভের পথ যেমন সুগম হবে, তেমনি অভিভাবকদের ওপর থেকে আর্থিক চাপও অনেকখানি কমান্বলে আশা করা যায়। এই ঋণ প্রকল্পের সফল বাস্তবায়নই একান্তভাবে কাম্য।